



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
এফ-০৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



website: [www.bfa.gov.bd](http://www.bfa.gov.bd); E-mail: [bfarchivebd@gmail.com](mailto:bfarchivebd@gmail.com)

নং-১৫.৫৮.০০০০.১০৬.২৯.০১৮.২৫-৭০৩

তারিখ: ১২/০৮/২০২৫ খ্রি.

## ২০২৬-২০২৭ অর্থবছরের (৬ মাসব্যাপী) গবেষণা ফেলোশিপের প্রস্তাব আহ্বান

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ দেশের চলচ্চিত্র ইতিহাস ও ঐতিহ্য বিষয়ক অডিও ভিজুয়াল দলিলাদি সংগ্রহ ও সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ধীন একটি বিশেষায়িত প্রতিষ্ঠান। এটি বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং ব্যক্তির পাশাপাশি বিদেশি উৎস থেকে দেশের ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কিত ফুটেজ ও দলিলাদি সংগ্রহ করে থাকে; যার মধ্যে তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ও চলচ্চিত্র অন্যতম। এছাড়া, চলচ্চিত্রবিষয়ক গবেষণা সম্পাদন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের একটি উল্লেখযোগ্য কাজ।


চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ; ৩৫ মি.মি., ১৬ মি.মি. ও ডিজিটাল পদ্ধতিতে চলচ্চিত্রের দীর্ঘমেয়াদী সংরক্ষণ; আন্তর্জাতিক অঙ্গনে চলচ্চিত্রের বিদ্যমান সংরক্ষণ কৌশল; চলচ্চিত্র সংস্কৃতির বিকাশ; চলচ্চিত্রে জাতীয় ইতিহাস ও ঐতিহ্য; বাংলাদেশের চলচ্চিত্রশিল্পের সমস্যা ও সম্ভাবনা; চলচ্চিত্রে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট; দেশি ও বিদেশি চলচ্চিত্র ব্যক্তিত্ব ও চলচ্চিত্রকারদের জীবন ও কর্ম এবং চলচ্চিত্রের কারিগরি ও নান্দনিক বিশ্লেষণসহ চলচ্চিত্র ও চলচ্চিত্রশিল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে ২০২৬-২০২৭ অর্থবছরের বাংলাদেশ ফিল্ম আর্কাইভের গবেষণা ফেলো নির্বাচনের জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট থেকে কাঠামোবদ্ধ গবেষণা প্রস্তাব আহ্বান করছে। আগ্রহী আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফরম ও গবেষণা প্রস্তাব প্রণয়ন ছক অনুযায়ী তথ্যাদি সন্নিবেশন করতে হবে। গবেষণা প্রস্তাবে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংগৃহীত চলচ্চিত্র ও অন্যান্য সামগ্রী ব্যবহারের সুস্পষ্ট পরিকল্পনা থাকাও বাঞ্ছনীয়।

অনধিক ২০০০-৩০০০ (দুই থেকে তিন হাজার) শব্দের গবেষণা ধারণাপত্র ১০ কপি ও ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আবেদনপত্র ২৮/০৯/২০২৫খ্রি. তারিখের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, এফ-০৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে সিলগালাযুক্ত খামে ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে। খামের উপর অবশ্যই গবেষণার বিষয়বস্তু উল্লেখ করতে হবে।

গবেষণাকর্মের জন্য ৬ মাস সময়সীমাকে তিনটি টার্মে বিভক্ত করা হবে। টার্ম-১ (৪৫ দিন), টার্ম-২ (৯০ দিন), টার্ম-৩ (৪৫ দিন)। গবেষক প্রতিটি টার্ম সমাপনান্তে তত্ত্বাবধায়কের প্রত্যয়নপত্রসহ গবেষণাকর্মের অগ্রগতি প্রতিবেদন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিকট দাখিল করবেন। তিনটি টার্মে গবেষক নিম্নোক্ত কার্যাবলী সম্পন্ন করবেন- (১) টার্ম-১ : সংশোধিত গবেষণা প্রস্তাবনা ও প্রকাশনা পর্যালোচনা, (২) টার্ম-২ : তথ্য সংগ্রহ চূড়ান্তকরণ ও প্রথম খসড়া সম্পাদন এবং (৩) টার্ম-৩ : খসড়া গবেষণা প্রবন্ধ চূড়ান্তকরণ।

গবেষণার বিষয়বস্তু নতুন ও মৌলিক হওয়া বাঞ্ছনীয়। ইতঃপূর্বে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক সম্পাদিত গবেষণাকর্ম বা একই গবেষণা প্রস্তাব পুনরায় প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না। এছাড়া, গবেষণা প্রস্তাবটি ইতঃপূর্বে অন্য কোনো প্রতিষ্ঠানে জমা দেয়া থাকলে অথবা অন্য কোনো মাধ্যমে প্রকাশিত হয়ে থাকলে তা গ্রহণযোগ্য হবে না। গবেষণাকর্মটি অপ্রকাশিত বা অন্য কোথাও জমা দেয়া হয়নি মর্মে লেখককে একটি অঙ্গীকারনামা দিতে হবে। একজন গবেষক পরপর ২ (দুই) বছর বাংলাদেশ ফিল্ম আর্কাইভের গবেষণা ফেলো হিসেবে নির্বাচিত হবেন না। সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র গবেষণা প্রস্তাবের সাথে জমা দিতে হবে। এ পর্যন্ত সম্পাদিত গবেষণাকর্মের তালিকা এবং আবেদন ফরম ও গবেষণা প্রস্তাব প্রণয়ন ছক বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইটে ([www.bfa.gov.bd](http://www.bfa.gov.bd)) প্রদর্শিত নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

প্রাপ্ত প্রস্তাবসমূহ নির্ধারিত প্রক্রিয়ায় যাচাই বাচাই শেষে নির্বাচিত গবেষককে গবেষণার সুযোগ দেয়া হবে। প্রতিটি গবেষণার জন্য বিধি মোতাবেক ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা সম্মানী প্রদান করা হবে। গবেষণাকর্ম চূড়ান্তভাবে বিশেষজ্ঞ কমিটি কর্তৃক গৃহীত না হলে গবেষণার সম্মানী প্রদান করা হবে না। উল্লিখিত বিষয়ে কোনো তথ্য জানার প্রয়োজন হলে অফিস চলাকালীন ০২-২২৩৩৭৪৯৫৫ নম্বরে যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য, কর্তৃপক্ষ যেকোনো প্রস্তাব গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
ফারহান রহমান

পরিচালক

ফোন : ০২-২২৩৩৭৪৯৫৫